

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৭.১৮.০১৭.১৫- ৫০০

তারিখঃ ০৫/০২/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ১২ ধারা এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭ অনুযায়ী পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে উপযুক্ত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলেও পরবর্তীতে যথাসময়ে উদ্যোক্তাগণ পরিবেশ অধিদপ্তর থেকে উক্ত শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পের জন্য নবায়ন গ্রহণ করছেন না। এছাড়া, শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র/নবায়ন প্রদানের ক্ষেত্রে যে সকল শর্ত প্রদান করা হয়, তা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা, তা অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় থেকে যথাযথভাবে মনিটরিং করা হয় না এবং পরিবেশগত ছাড়পত্র নবায়নের সময় শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পসমূহ পরিদর্শনকালে উদ্যোক্তাগণ কর্তৃক উক্ত শর্তসমূহ যথাযথভাবে মানা হচ্ছে কিনা বা কোন ব্যতিক্রম আছে কিনা কিংবা সে বিষয়ে কোন পরামর্শ প্রদান করা হচ্ছে কিনা তা নিয়মিত ভাবে সংশ্লিষ্ট কার্যালয়ের নথি ও প্রতিষ্ঠানের রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে না। কিছু কিছু ক্ষেত্রে প্রাপ্ত তথ্যে দেখা যায়, কোন কোন কার্যালয় একত্রে কয়েক দফার ল্যাব পরীক্ষার ফী জমা নেয় এবং একবার মাত্র প্রয়োজনীয় পরীক্ষা করে। যা প্রচলিত বিধানের সুস্পষ্ট লংঘন। এর ফলে একদিকে যেমন শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের উদ্যোক্তাগণ পরিবেশ ব্যবস্থাপনায় তাদের কোন ঘাটতি আছে কিনা সে বিষয়ে অবহিত হতে পারছেন না, অপরদিকে দেশের পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা, জনস্বাস্থ্য ও সার্বিক পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ছে। এমতাবস্থায়, অধিদপ্তরের সংশ্লিষ্ট সকল কার্যালয়কে নিম্নলিখিত বিষয়সমূহ অবিলম্বে কঠোরভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো :

- (ক) ছাড়পত্র বিহীনভাবে পরিচালিত শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্প চিহ্নিত করে অবিলম্বে প্রচলিত আইনের আলোকে ছাড়পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে;
- (খ) পরিবেশগত ছাড়পত্র/নবায়ন গ্রহণকারী প্রতিটি শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের নিয়মিত নবায়নের বিষয়টি মনিটরিং নিশ্চিত করতে হবে;
- (গ) পরিবেশগত ছাড়পত্র নবায়নকালে শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পসমূহ পরিদর্শনকালে উদ্যোক্তাগণ কর্তৃক পরিবেশগত ছাড়পত্র/নবায়নপত্রে প্রদত্ত শর্তসমূহ যথাযথভাবে মানা হচ্ছে কিনা বা কোন ব্যতিক্রম আছে কিনা সে বিষয়ে সুস্পষ্টভাবে প্রতিষ্ঠানের রেজিস্টারে লিখিত মতামত/পরামর্শ প্রদান করতে হবে এবং দাপ্তরিক নথিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে ও এর আলোকে পরবর্তীতে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঘ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ ও ছাড়পত্রের সাথে প্রদত্ত শর্তানুসারে নির্দিষ্ট সময় অন্তর নমুনা সংগ্রহ, ল্যাব পরীক্ষা গ্রহণ, ফলাফল সংরক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঙ) পরিদর্শন নোটের আলোকে প্রতি ৩(তিন) মাস অন্তর অগ্রগতির বাস্তব চিত্র পর্যালোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

[Handwritten Signature]
৭/৩
০৭
SS. System Analyst
PL. Post

[Handwritten Signature]
৭/৩/১৭

(মোঃ রইছউল আলম মন্ডল)

মহাপরিচালক

ফোনঃ ৮১৮১৮০০

নং-২২.০২.০০০০.০০৭.১৮.০১৭.১৫- ৩০০


তারিখ: ০৩/০৫/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (সকল),.....আইসি....., পরিবেশ অধিদপ্তর।
- ৩। উপপরিচালক (সকল),....., পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।
- ৪। উপপরিচালক,....., পরিবেশ অধিদপ্তর, ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম গবেষণাগার।
- ৫। উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, ... সদর

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


০৩/০৫/১৭
(খন্দকার মাহমুদ পাশা)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোনঃ-৮১৮১৩৬৬

ইমেইলঃ pasha@doe.gov.bd